



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর
যশোর বিমানবন্দর, যশোর।

নথি নং- ৩০.৩১.৪১০০.৫৬১.১১.০৫০.২৫/১৭

তারিখ: ০৭/০১/২০২৫খ্রি.

বিষয় : স্পট নিলাম ডাক আহ্বান প্রসংগে।

সূত্র: ৩০.৩১.০০০০.২৩১.০৬.০১৮.২২.১


তারিখ: ০৫-০১-২০২৫

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পত্রের আলোকে সকল ব্যবসায়ী/ঠিকাদার/ব্যক্তিবর্গকে জানানো যাচ্ছে যে, যশোর বিমানবন্দরের নব-নির্মিত যাত্রী প্রান্তিক ভবন (বহির্গমন) এর এয়ার সাইডের ২২০ ফুট বাউন্ডারী ওয়াল সুষ্ঠু অপারেশনাল কার্যক্রম পরিচালনার স্বার্থে জরুরীভিত্তিতে অপসারণের নিমিত্ত পুনরায় (৩য় বার) স্পট নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। উক্ত নিলাম আগামী ২৮/০১/২০২৫ তারিখ বেলা ১১:০০ ঘটিকায় বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, যশোর বিমানবন্দর, যশোর অনুষ্ঠিত হবে।

ক্রমিক নং-	নিলাম
১।	যশোর বিমানবন্দরের নব-নির্মিত যাত্রী প্রান্তিক ভবন (বহির্গমন) এর এয়ার সাইডের ২২০ ফুট বাউন্ডারী ওয়াল জরুরী স্পট নিলামের মাধ্যমে বিক্রয়/অপসারণ

স্পট নিলাম ডাকের শর্তাবলীঃ

- (১) প্রকাশ্য নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ নিলাম ডাকের পূর্বে অফিস চলাকালীন সময়ে বিমানবন্দর ব্যবস্থাপকের দপ্তর, যশোর বিমানবন্দর, যশোর যোগাযোগ করে উক্ত ওয়াল যে অবস্থায় আছে সে অবস্থায়ই ক্রয় করার আগ্রহ হলে নিলামে অংশ গ্রহন করতে পারবেন ;
- (২) স্পট নিলাম ডাকের পূর্বে সকাল ১১:০০ ঘটিকার মধ্যে নিলাম ডাকে অংশগ্রহণকারী ইচ্ছুক সকল ব্যবসায়ী/ ঠিকাদার/ ব্যক্তিবর্গকে কমিটির আহ্বায়ক অথবা বিমানবন্দর ব্যবস্থাপক, যশোর বিমানবন্দর, যশোর বরাবর নিলাম ডাকে অংশগ্রহণের জন্য জাতীয় পরিচয়পত্র ও ট্রেড লাইসেন্স (ব্যক্তির ক্ষেত্রে প্রযোজ্য নয়) ফটোকপিসহ জামানত হিসেবে নগদ ৩,০০০/- (তিন হাজার) টাকাসহ আবেদন করতে হবে। যা ১ম, ২য় ও ৩য় সর্বোচ্চ ডাককারীর জামানত রাখার পর অবশিষ্টদের জামানত নিলাম ডাকশেষে তাৎক্ষণিকভাবে ফেরত দেয়া হবে;
- (৩) কার্যাদেশ প্রাপ্ত নিলাম ডাককারীকে নিলাম ডাকের সমুদয় মূল্য তৎসহ আয়কর ও ভ্যাট কার্যাদেশ জারির ০৩(তিন) কার্যদিবসের মধ্যে বিমানবন্দর ব্যবস্থাপক, যশোর বিমানবন্দর, যশোর এর হিসাব/রাজস্ব শাখায় নগদে পরিশোধ করে উহার মানি রিসিটের কপি নিম্নস্বাক্ষরকারীর নিকট জমা করতে হবে। টাকার রশিদ জমা দেয়ার পর নিলামকৃত ২২০ ফুট ওয়াল/মালামাল নিলাম কমিটির প্রতিনিধির উপস্থিতিতে টাকা জমার তারিখ হতে ১০(দশ) কার্যদিবসের মধ্যে কার্যাদেশ প্রাপ্ত নিলামকারীকে নিজ খরচে ও নিজ দায়িত্বে সরিয়ে নিয়ে জায়গা খালি করে দিতে হবে। অন্যথায় কার্যাদেশ বাতিলসহ জমাকৃত জামানত বাজেয়াপ্ত করা হবে ;
- (৪) সিএএবি কর্তৃক নির্ধারিত সার্ভেমূল্যের কম দর গ্রহণযোগ্য হবে না।
- (৫) যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ স্পট নিলাম ডাক কর্তৃপক্ষ আংশিক/সম্পূর্ণ বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।


০৭/০১/২০২৫
(সায়েদুর রহমান)

বিমানবন্দর ব্যবস্থাপক, যশোর বিমানবন্দর, যশোর

বিতরণ :

- ১) সদস্য (পরি:পরি:), সিএএবি, সদর দপ্তর, ঢাকা
- ২) সদস্য (প্রশাসন), সিএএবি, সদর দপ্তর, ঢাকা
- ৩) পরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা), সিএএবি, সদর দপ্তর, ঢাকা
- ৪) পরিচালক (সিএনএস), সিএএবি (সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশ ও প্রচারের জন্য অনুরোধসহ), সদর দপ্তর, ঢাকা
- ৫) তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল), সিভিল বিভাগ-৩, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা
- ৬) চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, সিএএবি, সদর দপ্তর, ঢাকা
- ৭) হিসাব/রাজস্ব শাখা, যশোর বিমানবন্দর, যশোর।